ভোরের কাগজ

তারিখ AUG. 20 1999
পৃষ্ঠা 10 কলাম 3

39

ঢাকায় সেমিনার

# কিন্ডার গার্টেনের জন্য প্রণীত নীতিমালা বাতিলের দাবি

কাগজ প্রতিবেদক : কিন্ডারগার্টেন এসোসিয়েশন শিক্ষা মন্ত্রনালয় কর্তৃক কিন্ডারগার্টেন ও সমমানের শিক্ষা প্রতিষ্ঠানের জন্য প্রণীত বিধিমালা বাতিলের দাবি জানিয়েছে।

জাতীয় প্রেসক্লাবে গত বুধবার এসোসিয়েশন আয়োজিত সেমিনারে বিধিমালা বাতিল করে এ সকল শিক্ষা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের মতামতের ভিত্তিতে একটি গ্রহণযোগ্য নীতিমালা প্রণয়নের সুপারিশ করা হয়েছে।

উল্লেখ্য, ইংরেজি মাধ্যমের সকল প্রকার শিক্ষা প্রতিষ্ঠানের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক প্রণীত বিধিমালায় একাধিক সংরক্ষিত তহবিল ও সাধারণ তহবিলে অর্থ রাখার শর্ত আরোপ করা হয়েছে। এ ছাড়াও বিধিমালায় শিক্ষক নিয়োগ, প্রতিষ্ঠানের জমি, সংরক্ষিত তহবিলের অর্থ উত্তোলন, পাঠ্যপুস্তক বোর্ডের অনুমোদিত বই পড়ানো ইত্যাদি ব্যাপারে পৃথক পৃথক শর্ত আরোপ করা হয়েছে।

সেমিনারে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. জাহান আরা। বক্তব্য রাখেন সাংবাদিক গিয়াস কামাল চৌধুরী, প্রেসক্লাবের সভাপতি খন্দকার মনিরুল আলম, কিন্ডারগার্টেন এসোসিয়েশনের চেয়ারম্যান খন্দকার মোঃ জওহের, মহাসচিব শাহজাদা মোঃ আলী প্রমুখ।